চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ অক্টোবর ২০২১খ্রি.

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে সৌজন্য সাক্ষাতে বৃটিশ রাজকীয় যুদ্ধজাহাজের কমান্ডিং অফিসার চট্টগ্রামের অর্থনৈতিক গুরুত্ব সারা বিশ্বের জন্য অর্থবহ

বাংলাদেশে আগত যুক্তরাজ্য নৌ-বাহিনীর রাজকীয় যুদ্ধ জাহাজ এইচ.এম.এস কেন্টের কমান্ডিং অফিসার কমান্ডার ম্যাট সাইকস (গধঃঃ ঝুশবং) ও যুক্তরাজ্যের বাংলাদেশস্থ দূতাবাসের প্রতিনিধি দলকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অস্থায়ী নগর ভবনে ¯^াগত জানান চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম। তিনি অতিথিদের উদ্দেশ্যে বলেন, চট্টগ্রামের সাথে ব্রিটিশ রাজন্যবর্গ ও জনগণের ঐতিহাসিক ও ঐতিহ্যগত সম্পর্ক রয়েছে। ব্রিটিশ শাসনামলে এখানে সে দেশের বহু সম্মানিত নাগরিক এখানে পদস্থ কর্মকর্তা হিসেবে দায়িত্বরত ছিলেন। তারা শিক্ষাসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রমে সমাজকে আলোকিত করেছেন। নগরীর বিভিন্ন অনেকগুলো নান্দনিক ভিক্টোরিয়ান স্থাপনা ও খ্রীষ্টিয় উপাসনালয়গুলো চট্টগ্রামের সৌন্দর্য্যরে শ্রীবৃদ্ধি করেছে।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম অতিথিদের অবগত করেন যে, চট্টগ্রাম দেশের ১২টি সিটি কর্পোরেশনের মধ্যে অন্যতম এবং শিক্ষা ও ¯^াস্থ্য সেক্টরে ব্যাতিক্রমী অবদান রেখেছে। এখানে চসিকের পরিচালনায় ৬০টিরও বেশি শিক্ষা প্রতিষ্ঠান এবং ৫০টির বেশি ¯^াস্থ্যসেবা প্রতিষ্ঠান রয়েছে। এছাড়া নাগরিক সেবাপ্রদানে অর্থবহ একাধিক প্রকল্প বাস্তবায়িত হয়েছে, যা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ প্রভাব রেখেছে। তিনি আরো বলেন, চট্টগ্রাম পৃথিবীর অন্যতম প্রধান প্রাকৃতিক সমুদ্র বন্দর এবং এই নগরী রাষ্ট্রের অর্থনৈতিক হৃদপিন্ড। চট্টগ্রাম বন্দর সম্প্রসারণ, বে-টার্মিনাল, গভীর সমুদ্র বন্দর, কর্ণফুলী তলদেশ দিয়ে ট্যানেল নির্মাণ বাস্তবায়নের পথে। তাই চট্টগ্রামের গুরুত্বও বহুমাত্রিক। বিশ্বের সকল প্রান্তে চট্টগ্রাম অপার সম্ভাবনাময় উর্বর অর্থনৈতিক শক্তি হিসেবে সমাদৃত।

বৃটিশ নৌ-বাহিনীর রাজকীয় যুদ্ধজাহাজের কমান্ডিং অফিসার কমান্ডার মি. ম্যাট সাইকস চট্টগ্রাম নগরীর প্রাকৃতিক সৌন্দর্য্যে মুগ্ধতা প্রকাশ করে বলেন, এখানকার উষ্ণ তাপমাত্রা অসহনীয় হলেও এখানে ঘুরে ফিরে চিত্তসুখ উপভোগ করেছি। তাই চট্টগ্রামের প্রতি আমার প্রাণের টান বেড়েছে। চট্টগ্রামের যে অর্থনৈতিক গুরুত্ব রয়েছে তার যথার্থ ব্যবহার শুধু বাংলাদেশ নয়, সারা বিশ্বের জন্যই যথেষ্ঠ অর্থবহ। আমি চট্টগ্রামের মানুষের অতিথিপরায়নতা সম্পর্কে জানতাম, তার প্রমাণ আজ আবারও পেলাম।

এই সময় উপস্থিত ছিলেন বাংলাদেশস্থ বৃটিশ আর্মি ডিফেন্স এ্যাডভাইজার ল্যাফটেনেন্ট কর্ণেল এলান হিনটন, বাংলাদেশ নৌ-বাহিনীর ল্যাফটেনেন্ট কমান্ডার মো. নাহিদ, চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজ¯^ কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, ভারপ্রাপ্ত প্রধান ¯^াস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী প্রমুখ।

চসিকের ভ্রাম্যমাণ আদালত
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারী পণ্য উৎপাদন ও বিক্রির দায়ে
ডেফোডিল ফুড প্রডাক্টসকে ৩০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীর কোতোয়ালী থানাধীন স্টেশন রোড এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নেতৃত্বে অ¯^াস্থ্যকর ও নোংরা পরিবেশে বেকারী পণ্য উৎপাদন ও বিক্রির অপরাধে ডেফোডিল ফুড প্রডাক্টসের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩